

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৯৩৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - অংশীদারিত্ব ও ওয়াকালাহ্ (দায়িত্ব প্রদান)

আরবী

وَعَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَدِّ الْأَمَانَةَ إِلَى مَنْ اتَّيَمَكَ وَلَا تَخُنْ مَنْ خَانَكَ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالدَّارِمِيُّ

বাংলা

২৯৩৪-[৫] উক্ত রাবী [আবু হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমানত আদায় করবে, যে তোমার কাছে আমানত রেখেছে এবং তোমার সাথে যে খিয়ানাত করেছে, তার সাথেও খিয়ানাত করবে না। (তিরমিযী, আবু দাউদ ও দারিমী)[১]

ফুটনোট

[১] সহীহ লিগয়রিহী : আবু দাউদ ৩৫৩৫, তিরমিযী ১২৬৪, সহীহাহ্ ৪২৩, সহীহ আল জামি' ২৪০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আন্ নাহলে রয়েছে যে, আলোচ্য হাদীস এ মর্মে দলীল, খিয়ানাতকারীর খিয়ানাতের জবাব অনুরূপ কর্ম দিয়ে দেয়া জায়য নেই। ('আওনুল মা'বুদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৫৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68261>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন